The Financial Express
TUESDAY, 21 JULY 2026

DCCI seeks fair enforcement of withholding tax

Trade body urges compliance support and greater tax administration digitisation

FE REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has urged the National Board of Revenue (NBR) to ensure that compliant businesses are not subjected to unnecessary harassment as it steps up monitoring and verification of withholding tax deductions.

In a statement issued on Monday, the chamber said the NBR's initiative to strengthen the monitoring, verification and deposit of tax deducted at source under Section 147(2) of the Income Tax Act, 2023, would make a positive contribution to revenue collection and the expansion of the country's tax base if implemented effectively. The DCCI also said that businesses already complying with tax-at-source obligations should not face undue difficulties during the enforcement of the law.

The chamber also urged the NBR to provide a reasonable timeframe and adequate opportunity for businesses that have yet to achieve full compliance with tax-at-source requirements, enabling them to regularise their affairs without facing unnecessary hardship.

The DCCI maintained that achieving the government's revenue collection targets and broadening the tax base would also require greater automation and digitalisation of the country's revenue administration.

It noted that wider adoption of digital systems would reduce unnecessary burdens on businesses while improving the efficiency, transparency and accountability of tax administration. The chamber said stronger revenue mobilisation and a business-friendly environment could be achieved simultaneously through continued constructive dialogue between the NBR and the private sector.

It also called for coordinated efforts by the government and the business community to strengthen tax discipline and improve overall compliance with the country's tax-at-source regime.

bdsmile@gmail.com

The Daily Star
TUESDAY, 21 JULY 2026

Don't harass compliant firms in tax drive: DCCI

STAR BUSINESS REPORT

As the country's top revenue authority intensifies monitoring of tax deducted at source (TDS), it should ensure that compliant businesses are not subjected to unnecessary harassment, the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) said in a statement yesterday.

The call comes a day after the National Board of Revenue (NBR) said it has deployed special teams under its tax zones to monitor and verify source tax deduction and deposit.

The revenue authority said it has empowered officials under Section 147(2) of the Income Tax Act 2023 to inspect business premises, examine account books and records, and access computer systems, including by breaking passwords or encryption where necessary.

Reacting to the development, the DCCI said if implemented properly, the NBR initiative would help boost revenue collection and widen the tax net.

The chamber, however, cautioned that compliant businesses should be spared unnecessary harassment during the exercise, and that businesses yet to achieve full compliance should be given adequate time and a fair opportunity to do so.

Both the revenue collection target and a business-friendly environment can be achieved simultaneously, DCCI President Taskeen Ahmed said, calling for constructive dialogue between the NBR and the business community.

The effective adoption of automation and digitalisation across the revenue administration is essential to widen the tax net and meet collection targets, he added.

Such measures would significantly reduce the compliance burden on the private sector while making the tax system more efficient, transparent, and business-friendly, he said.

THE BUSINESS STANDARD
TUESDAY, 21 JULY 2026

DCCI urges NBR not to harass compliant businesses in withholding tax drive

TAXATION — DHAKA

TBS REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has urged the NBR to ensure that businesses already complying with tax regulations are not subjected to unnecessary harassment as it strengthens monitoring and verification of withholding tax under the Income Tax Act, 2023.

The DCCI, in a press release issued yesterday, said the NBR's initiative to intensify monitoring of withholding tax deduction and deposit under Section 147(2) of the Income Tax Act, 2023, would contribute positively to revenue collection and broaden the country's tax base if implemented effectively.

The chamber, however, expressed concern that the enforcement process should not create undue difficulties for compliant businesses.

The DCCI also called on the NBR to allow adequate time and opportunity for businesses that have yet to fully comply with tax requirements so they can regularise their affairs while ensuring that their legitimate rights are protected.

The chamber also stressed the need to accelerate automation and digitalisation across the country's revenue administration, saying wider use of digital systems would help the government achieve its revenue targets while reducing unnecessary hassles for the private sector.

The DCCI noted that revenue mobilisation and a business-friendly environment were not mutually exclusive and could be achieved simultaneously through constructive dialogue between the NBR and the business community.

It also urged closer collaboration between the government and the private sector to strengthen tax compliance across all categories of businesses while maintaining a predictable and supportive business environment.

the daily observer
We stand for people's rights
TUESDAY, 21 JULY 2026

DCCI backs NBR withholding tax initiative, urges no harassment of compliant businesses

Business Correspondent

Leaders of the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) believe that the National Board of Revenue's (NBR) initiative to strengthen the deposit, monitoring and verification of withholding tax deductions under Section 147(2) of the Income Tax Act, 2023, will play a positive role in increasing overall revenue collection and expanding the tax net, provided it is properly implemented.

The DCCI leaders made the statement in a press release issued on Monday.

At the same time, they expressed concern that already-compliant businesses should not face undue harassment during the implementation of the law. They also urged the NBR to provide businesses that have not yet achieved full compliance with the necessary time and opportunity to secure their legitimate rights.

To meet the government's revenue collection target and expand the tax net, the leaders stressed the need for greater use of automation and digital technologies in overall revenue management, which they said would significantly reduce unnecessary suffering for the private sector.

The DCCI leadership believes that it is possible to achieve both higher revenue collection and a business-friendly environment. However, it said constructive dialogue with the NBR is essential, while the government and private sector must work together to bring all categories of businesses under a more disciplined tax management system.

daily sun
TRUE & IMPARTIAL
TUESDAY, 21 JULY 2026

MONITORING OF WITHHOLDING TAX COMPLIANCE

NBR should avoid unnecessary harassment of businesses: DCCI

Daily Sun Report, *Dhaka*

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) on Monday urged the National Board of Revenue (NBR) to refrain from unnecessarily harassing businesses during monitoring of withholding tax compliance.

In a statement, the chamber stated that the NBR's initiative to intensify the monitoring and verification of withholding tax deduction and deposit by business and financial institutions under Section 147(2) of the Income Tax Act, 2023, if implemented properly, will play a positive role in enhancing overall revenue collection and widening the country's tax net.

The DCCI expressed concern that, while implementing this provision, businesses that have already ensured compliance with the tax system should not be subjected to unnecessary harassment.

At the same time, the DCCI urged the NBR to ensure that businesses which have not yet achieved full compliance are provided with adequate time and a fair opportunity to ensure compliance.

DCCI believes that it is possible to achieve both revenue collection target and a business-friendly environment simultaneously. To this end, maintaining constructive dialogue between the NBR and the business community is essential, he added. DCCI President Taskeen Ahmed opined that to achieve the government's revenue collection targets and widen the tax net, ensuring effective adoption of automation and digitalisation across the country's overall revenue administration is essential.

"Such measures will significantly reduce unnecessary hassles and compliance burdens faced by the private sector while making the tax system more efficient, transparent, and business-friendly," he added.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
TUESDAY, 21 JULY 2026

DCCI calls for pro-business withholding tax enforcement

Staff correspondent

THE Dhaka Chamber of Commerce and Industry has urged the National Board of Revenue to ensure that intensified monitoring of withholding tax compliance without unnecessary harassment of compliant businesses.

DCCI said the National Board of Revenue's initiative to strengthen the monitoring and verification of withholding tax deduction and deposit under Section 147(2) of the Income Tax Act, 2023 could help boost revenue collection and expand the country's tax base if implemented effectively.

However, the chamber stressed that the businesses already complying with tax regulations should not face undue difficulties.

It also called on the National Board of Revenue to provide sufficient time and a fair opportunity for non-compliant businesses to meet the required standards.

The Business Authority said achieving revenue targets and maintaining a business-friendly environment are both possible through constructive dialogue between the National Board of Revenue and the business community.

It also underscored the need to accelerate automation and digitalization of the revenue administration to make the tax system more efficient, transparent and business-friendly while reducing compliance costs and unnecessary hassles for the private sector.

DAILY TIMES
OF BANGLADESH

TUESDAY, 21 JULY 2026

DCCI backs tax drive, warns on harassment

TIMES Report Dhaka

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has endorsed the National Board of Revenue's (NBR) move to tighten withholding tax enforcement. It said stronger compliance could help boost revenue collection and broaden the country's tax base, provided implementation remains business-friendly.

According to a statement issued by the chamber on Sunday, the enhanced monitoring and verification of withholding tax deduction and deposit under Section 147(2) of the Income Tax Act, 2023 should strengthen tax compliance without creating unnecessary obstacles for legitimate businesses.

Compliant businesses should not be subjected to avoidable harassment during the enforcement process, the chamber said, while companies yet to achieve full compliance should be given sufficient time and a fair opportunity to regularise their tax affairs.

The business body argued that effective tax enforcement and a competitive investment climate can be pursued simultaneously, emphasising that regular dialogue between the NBR and the private sector will be essential to balancing revenue mobilisation with business confidence.

DCCI President Taskeen Ahmed said wider adoption of automation and digitalisation across the revenue administration would make it easier for the government to achieve its revenue targets and expand the tax net.

Greater use of technology would reduce compliance costs and administrative hassles for businesses while making the tax system more efficient, transparent and predictable, he said.

The NBR has recently intensified efforts to verify whether businesses and financial institutions are properly deducting and depositing withholding tax as part of its broader drive to improve compliance and strengthen domestic revenue mobilisation.

Bangladesh Post
a daily with a difference
TUESDAY, 21 JULY 2026

DCCI urges NBR to avoid harassment of businesses

Business Desk

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) in a statement, on Monday expressed hope that the National Board of Revenue (NBR)'s initiative to intensify the monitoring and verification of withholding tax deduction and deposit by business and financial institutions under Section 147(2) of the Income Tax Act, 2023, if implemented properly, will play a positive role in enhancing overall revenue collection and widening the country's tax net.

However, DCCI expresses concern that, while implementing this provision, businesses that have already ensured compliance with the tax system should not be subjected to unnecessary harassment.

At the same time, Dhaka Chamber urges the NBR to ensure that businesses which have not yet achieved full compliance are provided with adequate time and a fair opportunity to ensure compliance.

DCCI believes that it is possible to achieve both revenue collection target and a business-friendly environment simultaneously. To this end, maintaining constructive dialogue between the NBR and the business community is essential, he added.

Furthermore, Dhaka Chamber President opined that to achieve the government's revenue collection targets and widen the tax net, ensuring effective adoption of automation and digitalization across the country's overall revenue administration is essential.

Such measures will significantly reduce unnecessary hassles and compliance burdens faced by the private sector while making the tax system more efficient, transparent, and business-friendly, he added.

প্রথম আলো

অর্থনীতি

উৎসে কর তদারকির নামে হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের, এনবিআরের নির্দেশে কী আছে

বিশেষ প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২০ জুলাই ২০২৬, ১৮: ১৮

আয়কর আইনের আওতায় যেকোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর জমা, তদারকি ও যাচাই করার কার্যক্রম জোরদার করার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়ন হলে রাজস্ব আদায় বাড়বে। এমন মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

একই সঙ্গে ঢাকা চেম্বার উদ্বেগ প্রকাশ করছে, এই আইন বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় ইতিমধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হন, তা অবশ্যই নিশ্চিত করতে হবে। আজ ঢাকা চেম্বারের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে।

যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের তা বাস্তবায়নে সময় ও সুযোগ প্রদানের জন্য এনবিআরের প্রতি আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার। ঢাকা চেম্বার বলছে, সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এর মাধ্যমে আমাদের বেসরকারি খাতের সবার অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে বলে মনে করে ঢাকা চেম্বার।

ব্যবসাপ্রতিষ্ঠানে বিনা বাধায় প্রবেশ করতে পারবেন কর কর্মকর্তারা

এদিকে গতকাল রোববার উৎসে কর আদায় ও তদারকি জোরদার করতে কর কর্মকর্তাদের পাঁচটি নির্দেশনা দিয়েছে এনবিআর। এ নিয়ে সংবাদ বিজ্ঞপ্তি দেয় এনবিআর।

আয়কর আইন, ২০২৩-এর ধারা ১৪৭ অনুসারে কর কর্মকর্তারা যেসব কাজ করতে পারবেন, সেই নির্দেশনাগুলো হলো—

১. যেকোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, ব্যবসাকেন্দ্র বা দপ্তরে বিনা বাধায় প্রবেশ ও সরেজমিনে পরিদর্শন।
২. প্রতিষ্ঠানের হিসাবের বই, ভাউচার, ব্যাংক হিসাব বিবরণী, রসিদ ও অর্থনৈতিক কার্যক্রম-সম্পর্কিত যেকোনো নথিপত্র পরীক্ষা ও তলব করা।

৩. প্রতিষ্ঠানের কম্পিউটার সিস্টেম, ক্লাউড সার্ভার, ডিজিটাল রেকর্ড বা ইলেকট্রনিক ডিভাইসে সংরক্ষিত তথ্য পরীক্ষা এবং প্রয়োজনে পাসওয়ার্ড বা এনক্রিপশন ভাঙার মাধ্যমে প্রবেশ করা।

৪. উৎসে কর্তিত করের সত্যতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় হিসাবের খাতা, নথিপত্র, ইলেকট্রনিক রেকর্ড বা ডিভাইস সাময়িকভাবে জব্দ করা ও নিজস্ব হেফাজতে রাখা।

৫. যেকোনো নথিপত্র, ইমেজ বা অ্যাকাউন্টের কপি সংগ্রহ করা এবং তাতে শনাক্তকরণ চিহ্ন বা সিলমোহর ব্যবহার করা।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, রাজস্ব আহরণের জন্য এসব কার্যক্রমে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি বা অসহযোগিতার জন্য ১৪৭ (২) ধারায় জরিমানার বিধান রয়েছে।

অসংকোচে প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

উদ্যোক্তাদের হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের

■ সমকাল প্রতিবেদক

এনবিআরের উৎসে কর মনিটরিং

ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর কর্তন কার্যক্রম মনিটরিং ও যাচাই জোরদারের উদ্যোগে কোনো প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হয়, তা অবশ্যই নিশ্চিত করতে হবে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) গতকাল সোমবার এনবিআরের প্রতি এই আহ্বান জানিয়েছে।

গত রোববার জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এক বিজ্ঞপ্তিতে জানায়, আয়কর আইন অনুযায়ী উৎসে কর কর্তন ও জমা কার্যক্রমের তদারকি জোরদারে কর কর্মকর্তারা যে কোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, ব্যবসা কেন্দ্র বা দপ্তরে বিনা বাধায় প্রবেশ করে সরেজমিন পরিদর্শন করতে পারবেন। কর কর্মকর্তাদের এ ধরনের কার্যক্রমে কোনো ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি বা অসহযোগিতা করলে আয়কর আইন, ২০২৩ এর ১৪৭(২) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জরিমানা করা হবে।

এনবিআরের ঘোষণার পর গতকাল সোমবার ঢাকা চেম্বার এ বিষয়ে সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলেছে, আয়কর আইনের ওই ধারা বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় ইতোমধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হন তা অবশ্যই নিশ্চিত করতে হবে। এ ছাড়া যে সব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনও পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের তা বাস্তবায়নে সময় ও সুযোগ প্রদানের মাধ্যমে ন্যায্য অধিকার প্রাপ্তির জন্য এনবিআরের প্রতি আহ্বান জানাচ্ছে ডিসিসিআই। সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন, যার মাধ্যমে আমাদের বেসরকারি খাতের সবার অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে।

সমকাল

এনবিআর জানায়, কর কর্মকর্তারা প্রতিষ্ঠানের হিসাবের বই, ভাউচার, ব্যাংক স্টেটমেন্ট, রসিদসহ অর্থনৈতিক কার্যক্রম-সংক্রান্ত যে কোনো নথিপত্র পরীক্ষা ও তলব করতে পারবেন। পাশাপাশি কম্পিউটার সিস্টেম, ক্লাউড সার্ভার, ডিজিটাল রেকর্ড বা ইলেকট্রনিক ডিভাইসে সংরক্ষিত তথ্য পরীক্ষা এবং প্রয়োজন হলে পাসওয়ার্ড বা এনক্রিপশন ভেঙে প্রবেশের ক্ষমতাও তাদের রয়েছে।

ঢাকা চেম্বারের সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ– এই দুটি লক্ষ্য একসঙ্গে অর্জন করা সম্ভব, তবে এ ক্ষেত্রে এনবিআরের সঙ্গে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সব শ্রেণির ব্যবসায়ীদের কীভাবে কর ব্যবস্থাপনায় আরও শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারি খাতের একযোগে কাজের বিকল্প নেই।

বণিক বার্তা
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬ সমৃদ্ধির সহযাত্রী

ডিসিসিআইয়ের আহ্বান

উৎসে কর মনিটরিংয়ে হয়রানি নয়

নিজস্ব প্রতিবেদক ■

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর কর্তন, জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে একই সঙ্গে ব্যবসাপ্রতিষ্ঠানগুলোকে অহেতুক হয়রানি না করার আহ্বান জানিয়েছে সংগঠনটি। বিশেষ করে কর আইনের বিধান বাস্তবায়নের সময় নিয়মিত কর পরিশোধকারী ও কমপ্লায়েন্স মেনে চলা প্রতিষ্ঠানগুলো যাতে অযথা ভোগান্তির শিকার না হয়, সে বিষয়ে সতর্ক থাকার কথা জানিয়েছে তারা। ডিসিসিআই গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানায়।

সংগঠনটি বলেছে, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় যেকোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর কর্তন, জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হলে রাজস্ব আহরণ বাড়বে এবং করজাল সম্প্রসারণে ইতিবাচক প্রভাব পড়বে। তবে ডিসিসিআইয়ের মতে, যেসব প্রতিষ্ঠান এরই মধ্যে কর-সংক্রান্ত কমপ্লায়েন্স নিশ্চিত করেছে, তাদের বিরুদ্ধে অপ্রয়োজনীয় তদন্ত বা প্রশাসনিক হয়রানির সুযোগ থাকা উচিত নয়। একই সঙ্গে যেসব প্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের জন্য প্রয়োজনীয় সময় ও সুযোগ রাখা উচিত, যাতে তারা আইন মেনে কার্যক্রম পরিচালনার সুযোগ পায়।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

এনবিআরের উৎসে কর মনিটরিং উদ্যোক্তাদের অহেতুক হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় যে কোনো ব্যাবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়িত হলে সামগ্রিকভাবে রাজস্ব আহরণ ও করজাল সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে বলে মনে করে, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে, একই সঙ্গে ডিসিসিআই উদ্বেগ প্রকাশ করছে যে, এই আইন বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় ইতিমধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হন তা অবশ্যই নিশ্চিত করতে হবে। পাশাপাশি, যেসব ব্যাবসায়িক প্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদেরকে তা বাস্তবায়নে সময় ও সুযোগ প্রদানের মাধ্যমে ন্যায্য অধিকার প্রাপ্তির জন্য এনবিআরের প্রতি আহ্বান জানিয়েছে ডিসিসিআই। এছাড়াও সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন, যার মাধ্যমে আমাদের বেসরকারিখাতের সকলের অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে।

গতকাল এক প্রেস বার্তায় উল্লেখ করা হয়েছে, ঢাকা চেম্বার বিশ্বাস করে, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ—এই দুটি লক্ষ্য একসাথে অর্জন করা সম্ভব, তবে এ ক্ষেত্রে এনবিআরের সাথে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সকল শ্রেণির ব্যবসায়ীদের কীভাবে কর ব্যবস্থাপনায় আরো শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারি খাতের একযোগে কাজের বিকল্প নেই।

কালবেলা
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

তদারকির নামে হয়রানি না করার দাবি ব্যবসায়ীদের

এনবিআরের নির্দেশনায় উদ্বেগ

কালবেলা প্রতিবেদক

আয়কর আইনের আওতায় যে কোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর জমা, তদারকি ও যাচাই করার কার্যক্রম জোরদার করার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়ন হলে রাজস্ব আদায় বাড়বে—এমন মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

একই সঙ্গে ঢাকা চেম্বার উদ্বেগ প্রকাশ করছে, এ আইন বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় এরই মধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হয়, তা অবশ্যই নিশ্চিত করতে হবে। গতকাল সোমবার ঢাকা চেম্বারের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে।

যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের তা বাস্তবায়নে সময় ও সুযোগ দেওয়ার জন্য এনবিআরের প্রতি আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার।

ঢাকা চেম্বার বলছে, সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এর মাধ্যমে বেসরকারি খাতের সবার অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে বলে মনে করে ঢাকা চেম্বার।

গত রোববার উৎসে কর আদায় ও তদারকি জোরদার করতে কর কর্মকর্তাদের পাঁচটি নির্দেশনা দিয়েছে এনবিআর। এ নিয়ে সংবাদ বিজ্ঞপ্তি দেয় এনবিআর। আয়কর আইন, ২০২৩-এর ধারা ১৪৭ অনুসারে কর কর্মকর্তারা যেসব কাজ করতে পারবেন, সেই নির্দেশনাগুলো হলো যে কোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, ব্যবসাকেন্দ্র বা দপ্তরে বিনা বাধায় প্রবেশ ও সরেজমিন পরিদর্শন; প্রতিষ্ঠানের হিসাবের বই, ভাউচার, ব্যাংক হিসাব বিবরণী, রসিদ ও অর্থনৈতিক কার্যক্রম-সম্পর্কিত যে কোনো নথিপত্র পরীক্ষা ও তলব করা; প্রতিষ্ঠানের কম্পিউটার সিস্টেম, ক্লাউড সার্ভার, ডিজিটাল রেকর্ড বা ইলেকট্রনিক ডিভাইসে সংরক্ষিত তথ্য পরীক্ষা এবং প্রয়োজনে পাসওয়ার্ড বা এনক্রিপশন ভাঙার মাধ্যমে প্রবেশ করা।

সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, রাজস্ব আহরণের জন্য এসব কার্যক্রমে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি বা অসহযোগিতার জন্য ১৪৭(২) ধারায় জরিমানার বিধান রয়েছে।

কালবেলা

দেশ রূপান্তর

উৎসে কর মনিটরিংয়ের নামে হয়রানি না করার আহ্বান

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ : ২১ জুলাই ২০২৬, ০৭:৪৪ এএম আপডেট : ২১ জুলাই ২০২৬, ০৭:৪৪ এএম

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক আয়কর আইন, ২০২৩ এর ১৪৭(২) ধারার আওতায় যেকোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর (টিডিএস) কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে এ কার্যক্রম বাস্তবায়নের সময় উদ্যোক্তাদের অযথা হয়রানি না করার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

গতকাল সোমবার গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে সংগঠনটির সভাপতি তাসকীন আহমেদ বলেন, যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের তা বাস্তবায়নে সময় ও সুযোগ দেওয়ার মাধ্যমে ন্যায্য অধিকার প্রাপ্তির জন্য এনবিআরের প্রতি আহ্বান জানাচ্ছে ডিসিসিআই। এ ছাড়া, সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এর মাধ্যমে আমাদের বেসরকারি খাতের সবার অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে।

তিনি আরও বলেন, ঢাকা চেম্বার বিশ্বাস করে, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ এই দুটি লক্ষ্য একসঙ্গে অর্জন করা সম্ভব। তবে এ ক্ষেত্রে এনবিআরের সঙ্গে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সব শ্রেণির ব্যবসায়ীদের কীভাবে কর ব্যবস্থাপনায় আরও শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারি খাতের একযোগে কাজের বিকল্প নেই।

জানা গেছে, গত ১৯ জুলাই জারি করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এনবিআর জানায়, উৎসে কর সঠিকভাবে কর্তন ও সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে দেশজুড়ে বিশেষ মনিটরিং কার্যক্রম শুরু করেছে জাতীয় রাজস্ব বোর্ড। এ লক্ষ্যে কর অঞ্চলগুলোর বিশেষ টিম বিভিন্ন বাণিজ্যিক ও অর্থনৈতিক প্রতিষ্ঠানে সরেজমিনে পরিদর্শন, নথিপত্র যাচাই এবং ডিজিটাল তথ্য পরীক্ষা করছে। আয়কর আইন, ২০২৩-এর ১৪৭ ধারার আওতায় কর কর্মকর্তাদের আইনগত ক্ষমতা সম্পর্কে করদাতা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে সচেতন করার অংশ হিসেবে এ কার্যক্রম জোরদার করা হয়েছে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

এনবিআরের মনিটরিং

হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের

● নিজস্ব প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর মনিটরিং কার্যক্রমে উদ্যোক্তাদের অহেতুক হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই)। সোমবার গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে সংগঠনটির পক্ষ থেকে এ আহ্বান জানানো হয়।

ডিসিসিআই জানায়, এনবিআর কর্তৃক আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় যেকোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগ যথাযথ ভাবে বাস্তবায়িত হলে সামগ্রিকভাবে রাজস্ব আহরণ ও করজাল সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে। তবে এই আইন বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় ইতিমধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হন তা অবশ্যই নিশ্চিত করতে হবে। পাশাপাশি যেসব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনও পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের তা বাস্তবায়নে সময় ও সুযোগ প্রদানের মাধ্যমে ন্যায্য অধিকারপ্রাপ্তির জন্য এনবিআরের প্রতি আহ্বান জানাচ্ছে ডিসিসিআই।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

উৎসে কর মনিটরিংয়ে উদ্যোক্তাদের হয়রানি না করার আহ্বান

–ঢাকা চেম্বার

অর্থনৈতিক রিপোর্টার : জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে এ কার্যক্রম বাস্তবায়নের সময় উদ্যোক্তাদের অযথা হয়রানি না করার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

গতকাল সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর মনিটরিং কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হলে রাজস্ব আহরণ বৃদ্ধি ও করজাল সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আইন বাস্তবায়নের ক্ষেত্রে এরই মধ্যে কর-অনুগত ব্যবসাপ্রতিষ্ঠানগুলো যেন অযথা হয়রানির শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে যেসব প্রতিষ্ঠান এখনো পূর্ণাঙ্গভাবে কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের প্রয়োজনীয় সময় ও সুযোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

নয়া দিগন্ত
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

উৎসে কর মনিটরিংয়ে হয়রানি না করার আহ্বান ডিসিসিআইয়ের

● নিজস্ব প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর কর্তন, জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রমকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সাথে এই কার্যক্রম বাস্তবায়নের সময় নিয়মিত কর পরিশোধকারী ও আইন মেনে চলা ব্যবসায়ীদের যেন কোনো ধরনের অযৌক্তিক হয়রানির শিকার হতে না হয়, সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় এনবিআর যে কোনো ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর কর্তন, কর জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়িত হলে দেশের সামগ্রিক রাজস্ব আহরণ বৃদ্ধি, করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থার স্বচ্ছতা নিশ্চিত করতে ইতিবাচক ভূমিকা রাখবে।

সংগঠনটি মনে করে, এই আইন বাস্তবায়নের ক্ষেত্রে ইতোমধ্যে কর কমপ্লায়েন্স নিশ্চিত করা প্রতিষ্ঠানগুলোকে যেন অহেতুক জটিলতা, অতিরিক্ত অনুসন্ধান বা প্রশাসনিক হয়রানির মুখোমুখি হতে না হয়, তা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। একই সাথে যেসব ব্যবসাপ্রতিষ্ঠান এখনো পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের জন্য প্রয়োজনীয় সময়, দিকনির্দেশনা ও সুযোগ প্রদান করা উচিত, যাতে তারা আইনানুগভাবে কর ব্যবস্থার আওতায় আসতে পারে।

ডিসিসিআই আরো উল্লেখ করে, সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন এবং করজাল সম্প্রসারণের জন্য দেশের রাজস্ব ব্যবস্থাকে আরো আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে হবে। এ লক্ষ্যে অটোমেশন ও ডিজিটাল সেবা কার্যকরভাবে বাস্তবায়ন করা প্রয়োজন। এতে এক দিকে যেমন কর প্রশাসনের দক্ষতা বাড়বে, অন্য দিকে ব্যবসায়ীদের অপ্রয়োজনীয় ভোগান্তি, সময়ক্ষেপণ এবং প্রশাসনিক জটিলতা উল্লেখযোগ্যভাবে কমে আসবে।

সংগঠনটি মনে করে, ব্যবসাবান্ধব পরিবেশ বজায় রাখা এবং রাজস্ব আহরণ বৃদ্ধি- এই দু'টি লক্ষ্য পরস্পরবিরোধী নয়। সঠিক নীতি, স্বচ্ছ প্রশাসন এবং পারস্পরিক আস্থার ভিত্তিতে উভয় লক্ষ্যই একযোগে অর্জন করা সম্ভব।

বিবৃতিতে ডিসিসিআই এনবিআরের সাথে বেসরকারি খাতের গঠনমূলক সংলাপ আরো জোরদারের ওপর গুরুত্বারোপ করে। একই সাথে কর ব্যবস্থাপনায় সব শ্রেণীর ব্যবসায়ীকে আরো শৃঙ্খলাবদ্ধ ও কমপ্লায়েন্ট করে তুলতে সরকার ও বেসরকারি খাতকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

ব্যবসায়ী সংগঠনের পক্ষ থেকে বলা হয়েছে, কর প্রশাসনে স্বচ্ছতা, ডিজিটালাইজেশন এবং হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করা গেলে করদাতাদের আস্থা বাড়বে, স্বেচ্ছায় কর পরিশোধের প্রবণতা বৃদ্ধি পাবে এবং দীর্ঘমেয়াদে দেশের রাজস্ব ভিত্তি আরো শক্তিশালী হবে। পাশাপাশি বিনিয়োগবান্ধব পরিবেশও সুদৃঢ় হবে, যা শিল্পায়ন, কর্মসংস্থান এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে।

প্রতিদিনের বাংলাদেশ
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

উদ্যোক্তাদের হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের

বা উৎসে কর তদারকি

প্রবা প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর তদারকি জোরদারের উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ। তবে বাস্তবায়নের সময় নিয়ম মেনে চলা উদ্যোক্তারা যেন অযথা হয়রানির শিকার না হন, সেই নিশ্চয়তা চেয়েছে সংগঠনটি। একই সঙ্গে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আহরণে ভারসাম্যপূর্ণ পদক্ষেপের ওপর গুরুত্ব আরোপ করেছে তারা।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের মতে, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় উৎসে কর কর্তন, জমা, মনিটারিং ও যাচাই কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়িত হলে রাজস্ব আহরণ বাড়বে। পাশাপাশি করজাল সম্প্রসারণেও ইতিবাচক অগ্রগতি সম্ভব হবে। তবে এই প্রক্রিয়া বাস্তবায়নের সময় দীর্ঘদিন ধরে কর-অনুবর্তী ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর স্বাভাবিক কার্যক্রম যেন বিঘ্নিত না হয়, সেদিকে বিশেষ নজর দেওয়ার প্রয়োজন রয়েছে।

সংগঠনটি আরও মনে করে, যেসব প্রতিষ্ঠান এখনও পূর্ণাঙ্গ কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের প্রয়োজনীয় সময় ও সুযোগ দেওয়া উচিত। এতে তারা নিয়ম মেনে কর ব্যবস্থার আওতায় আসতে সক্ষম হবে। একই সঙ্গে ন্যায্য অধিকার নিশ্চিত করার মাধ্যমে ব্যবসায়ীদের মধ্যে আস্থাও আরও শক্তিশালী হবে বলে তারা মনে করছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ বলেছে, সরকারের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি কর প্রশাসনে অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা জরুরি। এতে ব্যবসাপ্রতিষ্ঠানের অনাকাঙ্ক্ষিত ভোগান্তি উল্লেখযোগ্যভাবে কমবে। সংগঠনটির মতে, রাজস্ব আহরণ এবং ব্যবসাবান্ধব পরিবেশ– দুই লক্ষ্যই একসঙ্গে অর্জন সম্ভব। এজন্য এনবিআরের সঙ্গে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখা এবং সরকার ও বেসরকারি খাতের সমন্বিত উদ্যোগে কর ব্যবস্থায় আরও শৃঙ্খলা প্রতিষ্ঠার বিকল্প নেই।

The Daily Share Biz
শেয়ার বিজ
সৃজনের পথে উন্নত স্বদেশ
মঙ্গলবার, ২১ জুলাই ২০২৬

ডিসিসিআই আহ্বান
উৎসে কর মনিটরিংয়ে উদ্যোক্তাদের হয়রানি বন্ধ হোক

নিজস্ব প্রতিবেদক

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে এ কার্যক্রম বাস্তবায়নের সময় উদ্যোক্তাদের অযথা হয়রানি না করার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

গতকাল সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর মনিটরিং কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হলে রাজস্ব আহরণ বৃদ্ধি ও করজাল সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আইন বাস্তবায়নের ক্ষেত্রে এরই মধ্যে কর-অনুগত (কমপ্লায়েন্ট) ব্যবসাপ্রতিষ্ঠানগুলো যেন অযথা হয়রানির শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে যেসব প্রতিষ্ঠান এখনো পূর্ণাঙ্গভাবে কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের প্রয়োজনীয় সময় ও সুযোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন এবং করজাল সম্প্রসারণে রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল প্রযুক্তির কার্যকর ব্যবহার নিশ্চিত করা জরুরি। এর মাধ্যমে বেসরকারি খাতের উদ্যোক্তাদের অপ্রয়োজনীয় ভোগান্তি উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব হবে।

ঢাকা চেম্বার বিশ্বাস করে, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ-এই দুটি লক্ষ্য একসঙ্গে অর্জন করা সম্ভব, তবে এ ক্ষেত্রে এনবিআরের সঙ্গে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সব শ্রেণির ব্যবসায়ীদের কিভাবে কর ব্যবস্থাপনায় আরও শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারি খাতের একযোগে কাজের বিকল্প নেই।

Jagonews24.com

উৎসে কর মনিটরিংয়ে উদ্যোক্তাদের হয়রানি না করার আহ্বান ঢাকা চেম্বারের

জ্যেষ্ঠ প্রতিবেদক
প্রকাশিত: ০৪:৫৩ পিএম, ২০ জুলাই ২০২৬

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) উৎসে কর কর্তন জমা, মনিটরিং ও যাচাইকরণ কার্যক্রম জোরদারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে এ কার্যক্রম বাস্তবায়নের সময় উদ্যোক্তাদের অযথা হয়রানি না করার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

সোমবার (২০ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিসিসিআই জানায়, আয়কর আইন, ২০২৩-এর ১৪৭(২) ধারার আওতায় ব্যবসায়িক ও আর্থিক প্রতিষ্ঠানের উৎসে কর মনিটরিং কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হলে রাজস্ব আহরণ বৃদ্ধি ও করজাল সম্প্রসারণে ইতিবাচক ভূমিকা রাখবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আইন বাস্তবায়নের ক্ষেত্রে এরই মধ্যে কর-অনুগত (কমপ্লায়েন্ট) ব্যবসাপ্রতিষ্ঠানগুলো যেন অযথা হয়রানির শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে যেসব প্রতিষ্ঠান এখনো পূর্ণাঙ্গভাবে কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদের প্রয়োজনীয় সময় ও সুযোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জন এবং করজাল সম্প্রসারণে রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল প্রযুক্তির কার্যকর ব্যবহার নিশ্চিত করা জরুরি। এর মাধ্যমে বেসরকারি খাতের উদ্যোক্তাদের অপ্রয়োজনীয় ভোগান্তি উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব হবে।

ঢাকা চেম্বার বিশ্বাস করে, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ-এই দুটি লক্ষ্য একসঙ্গে অর্জন করা সম্ভব, তবে এ ক্ষেত্রে এনবিআরের সঙ্গে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সব শ্রেণির ব্যবসায়ীদের কিভাবে কর ব্যবস্থাপনায় আরও শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারিখাতের একযোগে কাজের বিকল্প নেই।

bdnews24.com

উৎসে কর মনিটরিংয়ের নামে ‘অহেতুক হয়রানি’ নয়: ঢাকা চেম্বার

যে কোনো ব্যবসা কেন্দ্রে কর কর্মকর্তাদের প্রবেশের ক্ষমতা এনবিআর স্মরণ করিয়ে দেওয়ার পর ঢাকা চেম্বারের এই প্রতিক্রিয়া এল।

নিজস্ব প্রতিবেদক · বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

যে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান, ব্যবসা কেন্দ্র বা দপ্তরে কর কর্মকর্তাদের বিনা বাধায় প্রবেশ এবং সরেজমিন পরিদর্শন করার যে ক্ষমতা আয়কর আইনে দেওয়া আছে, তা প্রয়োগ করতে গিয়ে উদ্যোক্তাদের ‘অহেতুক হয়রানি’ না করার আহ্বান জানিয়েছে ব্যবসায়ীদের সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঢাকা চেম্বার বলেছে, এই আইন বাস্তবায়নের ক্ষেত্রে কর ব্যবস্থাপনায় ইতোমধ্যে কমপ্লায়েন্স পরিপালনকারী কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান যেন অযথা হয়রানির শিকার না হয়, তা অবশ্যই নিশ্চিত করতে হবে।

“পাশাপাশি, যে সব ব্যবসায়িক প্রতিষ্ঠান এখনও পুরোপুরি কমপ্লায়েন্স নিশ্চিত করতে পারেনি, তাদেরকে তা বাস্তবায়নে সময় ও সুযোগ প্রদানের মাধ্যমে ন্যায্য অধিকার প্রাপ্তির জন্য এনবিআরের প্রতি আহ্বান জানাচ্ছে ডিসিসিআই।”

কর কর্মকর্তারা কোনো প্রতিষ্ঠানে প্রবেশ করতে চাইলে বা নথি তলব করলে দুই পক্ষের মধ্যে যে ‘অযাচিত ঝামেলা’ তৈরি হয়, সে কথা মনে করিয়ে দিয়ে সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে কর কর্মকর্তাদের ক্ষমতা সম্পর্কে সবাইকে সচেতন থাকার আহ্বান জানায় এনবিআর।

সেখানে বলা হয়, “জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনায় বিশেষ টিম দেশব্যাপী উৎসে কর কর্তন নজরদারি ও যাচাইকরণ কার্যক্রম জোরদার করেছে। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪৭ এর অধীনে কর কর্মকর্তাদের কর্মপরিধি সম্পর্কে সচেতন থাকার জন্য সংশ্লিষ্ট সবাইকে বিশেষভাবে অনুরোধ করা হল।”

এ আইন অনুসারে কর কর্মকর্তারা যে সব পদক্ষেপ গ্রহণ করতে পারবেন তাও স্মরণ করিয়ে দেয় এনবিআর।

এর মধ্যে রয়েছে- যে কোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক প্রতিষ্ঠানের প্রাঙ্গণ, ব্যবসা কেন্দ্র বা দপ্তরে বিনা বাধায় প্রবেশ ও সরেজমিনে পরিদর্শন। প্রতিষ্ঠানের হিসাবের বই, ভাউচার, ব্যাংক স্টেটমেন্ট, রশিদ এবং অর্থনৈতিক কার্যক্রম সম্পর্কিত যে কোনো নথিপত্র পরীক্ষা ও তলব করা।

প্রতিষ্ঠানের কম্পিউটার সিস্টেম, ক্লাউড সার্ভার, ডিজিটাল রেকর্ড বা ইলেকট্রনিক ডিভাইসে সংরক্ষিত তথ্য পরীক্ষা এবং প্রয়োজনে পাসওয়ার্ড বা এনক্রিপশন ভাঙার মাধ্যমে প্রবেশ করা; উৎসে কর্তিত করের সত্যতা নিশ্চিত করতে প্রয়োজনীয় হিসাবের খাতা, নথিপত্র, ইলেকট্রনিক রেকর্ড বা ডিভাইস সাময়িকভাবে জব্দ করা ও নিজস্ব হেফাজতে রাখার ক্ষমতাও তাদের রয়েছে।

যে কোনো নথিপত্র, ছবি বা অ্যাকাউন্টের কপি সংগ্রহ করা এবং তাতে শনাক্তকরণ চিহ্ন বা সিলমোহর ব্যবহার করা, রাজস্ব আহরণের কার্যক্রমে কোনো প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি বা অসহযোগিতার জন্য ১৪৭ (২) ধারায় জরিমানা করার ক্ষমতাও তাদের দেওয়া হয়েছে আইনে।

এসব বিষয়ে উদ্বেগ প্রকাশ করে ঢাকা চেম্বার বলছে, “সরকারের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণ ও করজাল সম্প্রসারণে দেশের সামগ্রিক রাজস্ব ব্যবস্থাপনায় অটোমেশন ও ডিজিটাল কার্যক্রমের কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন, যার মাধ্যমে আমাদের বেসরকারিখাতের সকলের অনাকাঙ্ক্ষিত ভোগান্তি বহুলাংশে লাঘব হবে।”

বিজ্ঞপ্তিতে বলা হয়, “ঢাকা চেম্বার বিশ্বাস করে, রাজস্ব আহরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ-এই দুটি লক্ষ্য একসাথে অর্জন করা সম্ভব, তবে এ ক্ষেত্রে এনবিআরের সাথে গঠনমূলক সংলাপ অব্যাহত রাখার পাশাপাশি সকল শ্রেণির ব্যবসায়ীদের কীভাবে কর ব্যবস্থাপনায় আরো শৃঙ্খলাবদ্ধ করা যায়, সে বিষয়ে সরকার-বেসরকারিখাতের একযোগে কাজের বিকল্প নেই।”